BAERA

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৮১৮১৯২২
ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd

সূত্র নং- ৩৯.০৭.০১৮.০১.০০.০৭২.২০১৩.২০- তারিখঃ ১২.১০.২০২০ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা অনুযায়ী উত্তম চর্চা বিষয়ক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয় এর প্রেক্ষিতে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা অনুযায়ী বাপশনিক এর অনুসৃত উত্তম চর্চা বিষয়ক প্রতিবেদন এতদ্-সংগে প্রেরণ করা হলো।

সংযোজন:- বর্ণনামতে।

১২/১০/২০২০



(প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক)
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ফোন নং: ৮৮-৮১৮১৯২২

সিনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০



দৃষ্টি আকর্ষণঃ মো: ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব (অধিশাখা-১), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর উত্তম চর্চা বিষয়ক প্রতিবেদন


বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা অনুযায়ী বাপশনিক কর্তৃক অনুসৃত উত্তম চর্চার তালিকা নিম্নরূপ:

| ক্র. নং | বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা | |
|---|---|---|
| ১. | উত্তম চর্চার শিরোনাম | **"বঙ্গবন্ধু কর্ণার" স্থাপন** |
| | উত্তম চর্চার বিবরণ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাপশনিক-এ বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে। বাপশনিক এ আগত অতিথি ও সেবাগ্রহীতাদের বসা ও অপেক্ষা করার জন্য অথরিটি ভবনের নীচতলার লবিটি সম্প্রসারণের মাধ্যমে স্থানটির আয়তন বৃদ্ধি করা হয়েছে এবং লবিটির একটি দৃষ্টিনন্দন স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণে "বঙ্গবন্ধু শেখ মুজিব কর্ণার" স্থাপন করা হয়েছে। বঙ্গবন্ধু কর্ণারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন, কর্ম ও আদর্শের উপর বই, ডকুমেন্টরি, ভিডিও এর-একটি সমৃদ্ধ সংগ্রহশালা তৈরি করা হয়েছে। জাতির জনক সম্পর্কে জানা, জাতির জনকের আদর্শকে হৃদয়ে ধারণ করার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব কর্ণারে জাতির পিতার বর্ণাঢ্য জীবন ও স্বাধীনতা সংগ্রামের উপর প্রকাশিত আলোকচিত্র, বঙ্গবন্ধুকে নিয়ে নানা ধরনের বই, ইতিহাস নিয়ে লেখা বই সন্নিবেশিত করা হয়েছে এবং কর্ণারে স্থাপিত টিভি-তে বঙ্গবন্ধুর বক্তব্য-ভাষণ ইত্যাদি প্রচার করা হচ্ছে। |
| | ফলাফল | জাতির পিতার স্মৃতিকে কর্মক্ষেত্রে যথাযোগ্য মর্যাদায় লালন এবং বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর অনুপ্রেরণাকে বাপশনিক এর সকল স্তরের কর্মকর্তা/কর্মচারী মধ্য ছড়িয়ে দিয়ে নিজ নিজ দায়িত্ব পালনে তাদেরকে আরো উজ্জীবিত করা সম্ভব হচ্ছে। একইসাথে বাপশনিক এ আগত অতিথি ও সেবাগ্রহীতারাও 'বঙ্গবন্ধু কর্ণার'-থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কর্মের উপর জ্ঞান অর্জন করতে সক্ষম হচ্ছেন। |
| | স্থির চিত্র |   |


Sushil

<table>
<tr><td>ক্রমিক নং</td><td colspan="2">বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা</td></tr>
<tr><td rowspan="4">২.</td><td>উত্তম চর্চার শিরোনাম</td><td>বাপশনিক এর লাইসেন্স/পারমিট সেবা সংক্রান্ত তথ্য প্রাপ্তি ও আবেদনের জন্য পৃথক অভ্যর্থনা কক্ষ স্থাপন</td></tr>
<tr><td>উত্তম চর্চার বিবরণ</td><td>বাপশনিক এ আগত লাইসেন্স/পারমিট সংক্রান্ত সেবা গ্রহীতাদের সেবা বিষয়ক যেকোন প্রশ্ন/জিজ্ঞাসা বা পরামর্শ প্রদান এবং এ সংক্রান্ত সকল প্রকার আবেদন গ্রহণের জন্য অথরিটি ভবনের নীচ তলায় লবির পাশে একটি পৃথক অভ্যর্থনা কক্ষ স্থাপন করা হয়েছে যা পূর্বে মূল লবিরই একটি অংশে অবস্থিত ছিল।</td></tr>
<tr><td>ফলাফল</td><td>পৃথকভবাবে অভ্যর্থনা কক্ষ স্থাপন করায় এই সংক্রান্ত আগত সেবা গ্রহীতাদের লবিতে অবস্থান করার প্রয়োজন হয় না, ফলে লবি এবং অভ্যর্থনা কক্ষ দুই স্থানেই খোলামেলা ও উন্নত কর্মপরিবেশের সৃষ্টি হয়েছে । যেহেতু বাপশনিক এর এসকল সেবাগ্রহীতারা দেশব্যাপী বিভিন্ন স্থান থেকে এসে থাকেন, সেক্ষেত্রে কোভিড-১৯ এর এই মহামারীর সময়ে পৃথক অভ্যর্থনা কক্ষটির মাধ্যমে সামাজিক দূরত্ব বজায় রাখা ও স্বাস্থ্যবিধি মেনে এই কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে।</td></tr>
<tr><td>স্থির চিত্র</td><td><br></td></tr>
</table>

Sushill


| ক্রমিক নং | বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা | |
|---|---|---|
| ৩. | উত্তম চর্চার শিরোনাম | **স্বাস্থ্যবিধি অনুসরণ** |
| | উত্তম চর্চার বিবরণ | কোভিড-১৯ মহামারী মোকাবেলায় স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি অনুসরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বাপশনিক ভবনে প্রবেশমুখে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ ও জীবাণুনাশক ফুট-ট্রে স্থাপন করা হয়েছে। বাপশনিক ভবনে প্রবেশমুখে থার্মাল স্ক্যানার দ্বারা ভবনে প্রবেশকারী সকলের তাপমাত্রা নির্ণয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাপশনিক এর অফিস প্রাঙ্গনে প্রবেশকারী সকল যানবাহনের পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে জীবাণুনাশক স্প্রে এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাপশনিক ভবনের দৃশ্যমান একাধিক স্থানে স্বাস্থ্য-সুরক্ষা বিষয়ক নির্দেশনার পোস্টার ও ব্যানার প্রদর্শন করা হয়েছে। বাপশনিক এর কর্মকর্তা/কর্মচারীদের মাঝে স্বাস্থ্য-সুরক্ষা উপকরণ (হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, হেড-কাভার, হ্যান্ড-গ্লাভস্, গগলস্) বিতরণ করা হয়েছে এবং মাস্ক পরিধান বাধ্যতামূলক করা হয়েছে। |
| | ফলাফল | স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাপশনিক এর সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সচেতনভাবে এবং সুরক্ষিত উপায়ে কর্মক্ষেত্রে অবস্থান ও দায়িত্ব পালন করতে সক্ষম হচ্ছেন। |
| | স্থির চিত্র |    |

<table>
<tr><td>ক্রমিক নং</td><td colspan="2">বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা</td></tr>
<tr><td>৪.</td><td>উত্তম চর্চার শিরোনাম</td><td>শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন</td></tr>
<tr><td></td><td>উত্তম চর্চার বিবরণ</td><td>বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে নিয়মিত ভাবে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করা হয়। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয় সহ কর্তৃপক্ষের সদস্যগণ এবং বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণের উপস্থিতে আয়োজিত প্রশিক্ষণ ও কর্মশালায় " National Integrity Strategy of Bangladesh-2012" দলিলে বিধৃত কর্মপরিকল্পনাসমূহে উল্লেখিত কনভেশন ও পরিকল্পনাসমূহের লক্ষ্য অর্জনে প্রণীত কৌশল এবং এর আলোকে বাপশনিক এর শুদ্ধাচার কর্মপরিকল্পনা নিয়ে বিশদ আলোচনা করা হয়।</td></tr>
<tr><td></td><td>ফলাফল</td><td>নিয়মিত ভাবে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করার ফলে বাপশনিক এর কর্মকর্তা/কর্মচারীগণ প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তি পর্যায়ে শুদ্ধাচার অনুশীলনে উদ্বুদ্ধ হয়ে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনে আরো বেশী অনুপ্রাণীত হচ্ছে।</td></tr>
<tr><td></td><td>স্থির চিত্র</td><td><br></td></tr>
</table>

<table>
<tr><td>ক্রমিক নং</td><td colspan="2">বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা</td></tr>
<tr><td>৫.</td><td>উত্তম চর্চার শিরোনাম</td><td>গণশুনানী আয়োজন ও অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠান</td></tr>
<tr><td></td><td>উত্তম চর্চার বিবরণ</td><td>বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে নিয়মিত ভাবে সেবা গ্রহীতাদের অংশগ্রহণের মাধ্যমে গণশুনানীর ও অংশীজনের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও সিটিজেনস্ চার্টার বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের লাইসেন্স ও প্রশিক্ষণ প্রদান প্রক্রিয়ার উপর সরাসরি সেবা গ্রহীতাদের যেকোন অভিযোগ/মতামত/পরামর্শ গ্রহণের লক্ষ্যে কর্তৃপক্ষ ভবনে নিয়মিত এই গণশুনানী ও সভার আয়োজন করা হয়।</td></tr>
<tr><td></td><td>ফলাফল</td><td>নিয়মিত গণশুনানী ও অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের মাধ্যমে সেবাগ্রহীতাদের সকল অভিযোগ/মতামত/পরামর্শ সম্পর্কে অবহিত হওয়া যায়, সেবাগ্রহীতা ও সেবা দানকারীর মাঝে দূরত্ব কমে এবং এর ভিত্তিতে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সেবাদান প্রক্রিয়া আরো উন্নয়ন করে সেবার মান বৃদ্ধি করা সম্ভব হচ্ছে।</td></tr>
<tr><td></td><td>স্থির চিত্র</td><td><br></td></tr>
</table>

| ক্রমিক নং | বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা | |
|---|---|---|
| ৬. | উত্তম চর্চার শিরোনাম | **ইন-হাউস প্রশিক্ষণ** |
| | উত্তম চর্চার বিবরণ | বাপশনিক-এর কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন তথা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবাদান প্রতিশ্রুতি, ই-নথি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাও তথ্য অধিকার ও চাকরী সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর ইন-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয় |
| | ফলাফল | ইন-হাউস প্রশিক্ষণের মাধ্যমে কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের কাজের দক্ষতা বৃদ্ধি, জবাবদিহিতা এবং স্বচ্ছতা প্রতিফলিত হচ্ছে। |
| | স্থির চিত্র |  |
| ৭. | উত্তম চর্চার শিরোনাম | **ডিজিটাল ইনোভেশন গ্যালারী স্থাপন** |
| | উত্তম চর্চার বিবরণ | বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে আগত অতিথি ও সেবা গ্রহীতাদের বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সকল প্রকার কার্যক্রম, বাপশনিক এর ওয়েবসাইট সম্পর্কে ধারণা প্রদানের লক্ষ্যে অথরিটি ভবনের নীচ তলায় একটি ডিজিটাল ইনোভেশন গ্যালারী স্থাপন করা হয়েছে। |
| | ফলাফল | এই ডিজিটাল গ্যালারীর টাচ-স্ক্রিন এর মাধ্যমে অতিথি ও সেবা গ্রহীতারা নিজস্ব প্রয়োজন অনুযায়ী বাপশনিক এর ওয়েবসাইট হতে এর বিভিন্ন সেবা সম্পর্কে খুব সহজেই অবহিত হতে পারেন। এছাড়া, গ্যালারীতে প্রদর্শিত বিভিন্ন নিউক্লিয় ও বিকিরণ নিরাপত্তা সংক্রান্ত ভিডিও ডকুমেন্টারি, নির্মাণাধীন রূপপুর বিদ্যুৎকেন্দ্রের বিভিন্ন তথ্য সম্পর্কে অবহিত হতে পারেন। |
| | স্থির চিত্র |     |

| ক্রমিক নং | বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা | |
|---|---|---|
| ৮. | উত্তম চর্চার শিরোনাম | **মতবিনিময়ের মাধ্যমে সর্বোত্তম সিদ্ধান্ত গ্রহণ** |
| | উত্তম চর্চার বিবরণ | যেকোন জটিল বা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বাপশনিক-এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে আনুষ্ঠানিক/অআনুষ্ঠানিক আলোচনা করা হয়। উপস্থাপিত বিষয়ের উপর কর্মকর্তাদের মতামত গ্রহণ, অভিজ্ঞতা বিনিময় এবং পর্যালোচনার মাধ্যমে সর্বোত্তম সিদ্ধান্ত গ্রহণের প্রচেষ্টা নেওয়া হয়। এছাড়া নিয়মিতভাবে বাপশনিক-এর সমন্বয় সভা আয়োজন করা হয়। |
| | ফলাফল | অংশগ্রহণমূলক সিদ্ধান্ত গ্রহণ করায় এসকল সিদ্ধান্ত বাস্তবায়ন সহজ হয়। |
| ৯. | উত্তম চর্চার শিরোনাম | **ফাস্ট ট্র্যাক সার্ভিস এর মাধ্যমে দ্রুততম সময়ে পারমিট/এনওসি প্রদান** |
| | উত্তম চর্চার বিবরণ | ফাস্ট ট্র্যাক সার্ভিস এর আওতায় প্রতিটি পারমিট সংক্রান্ত আবেদনপত্র সংশ্লিষ্ট নথিতে উপস্থাপনের পূর্বে আবেদনপত্রের সাথে প্রদত্ত সকল টেকনিক্যাল ডকুমেন্ট একজন বিজ্ঞানী/প্রকৌশলী কর্তৃক প্রাথমিক ভাবে যাচাই করা হয় এবং আবেদনপত্রে বিধি মোতাবেক প্রয়োজনীয় তথ্যের কোন ঘাটতি আছে কি না তা তাৎক্ষণিকভাবে নির্ধারণ করা হয়। |
| | ফলাফল | সিস্টেমটি চালু হওয়ায় পারমিট প্রদান প্রক্রিয়াটি সহজীকরণের মাধ্যমে পারমিট প্রদান সেবা কার্যক্রমটি আরো গতিশীলতা পেয়েছে এবং সেবা গ্রহীতারা উপকৃত হচ্ছেন। |
| ১০. | উত্তম চর্চার শিরোনাম | **দাপ্তরিক কাজের ই-নথির ব্যবহার** |
| | উত্তম চর্চার বিবরণ | বাপশনিক-এর দাপ্তরিক কাজে ই-নথি ব্যবহার করা হচ্ছে। ই-নথির মাধ্যমে মন্ত্রণালয়সহ অন্যান্য দপ্তর/সংস্থার সাথে ডাক আদান-প্রদান করা হচ্ছে। |
| | ফলাফল | বাপশনিক-এর দাপ্তরিক কাজে ই-নথি ব্যাবহারের ফলে দাপ্তরিক কাজে গতি ও স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে। এছাড়া কোভিড-১৯ মহামারীর এই আপদকালে ই-নথির ব্যবহার অত্যন্ত যুগপোযোগী ও নিরাপদ। |
| ১১. | উত্তম চর্চার শিরোনাম | **ক্রয় কাজে ই-জিপির ব্যবহার** |
| | উত্তম চর্চার বিবরণ | বাপশনিক-এর ক্রয় প্রক্রিয়ায় ই-জিপি ব্যবহার করা হচ্ছে। যার মাধ্যমে সরকারী ক্রয় প্রক্রিয়ায় দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সহজ হয়। |
| | ফলাফল | ক্রয় কাজে ই-জিপি ব্যবহারের মাধ্যমে সরকারী ক্রয় প্রক্রিয়ায় দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সহজ হয়েছে। এছাড়া কোভিড-১৯ মহামারীর এই আপদকালে ই-জিপি ব্যবহার করে ক্রয় কার্যক্রম পরিচালনা সম্ভব হয়েছে। |
| ১২. | উত্তম চর্চার শিরোনাম | **বাপশনিক-এর ওয়েবসাইট সমৃদ্ধকরণ** |
| | উত্তম চর্চার বিবরণ | জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের জন্য কর্তৃপক্ষের ওয়েবসাইট নিয়মিত সমৃদ্ধ করা হয়। যার উদ্দেশ্য হচ্ছে জনগণের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন এবং সর্বাত্মক সেবা প্রদান। |
| | ফলাফল | ওয়েবসাইট হতে সেবাগ্রহীতারা বাপশনিক-এর কার্যক্রম সম্পর্কে অবহিত হচ্ছেন এবং এ সংক্রান্ত হালনাগাদ তথ্য প্রাপ্ত হচ্ছেন। |

| ক্রমিক নং | বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা | |
|---|---|---|
| ১৩. | উত্তম চর্চার শিরোনাম | **পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিতকরণ** |
| | উত্তম চর্চার বিবরণ | বাপশনিক-এর অফিস প্রাঙ্গন ও ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। এলক্ষ্যে গঠিত কমিটির তত্ত্বাবধায়নে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। যার ফলে পরিচ্ছন্নতা কর্মীর মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা হয়। কর্তৃপক্ষ ভবন ও অফিস প্রাঙ্গনের সুস্থ ও পরিচ্ছন্ন কর্মপরিবেশ কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কাজে মনোনিবেশ, উৎসাহ-উদ্দীপনা ও মানসিক বিকাশে সহায়তা করে। |
| | ফলাফল | অথরিটি ভবন ও অফিস প্রাঙ্গনের সুস্থ ও পরিচ্ছন্ন কর্মপরিবেশ কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কাজে মনোনিবেশ, উৎসাহ-উদ্দীপনা ও মানসিক বিকাশে সহায়তা করছে। |
| | স্থির চিত্র |  |
| ১৪. | উত্তম চর্চার শিরোনাম | **অথরিটি ভবনের নিরাপত্তা জোরদারকরণে ভবনের প্রবেশমুখে আর্চওয়ে স্থাপন** |
| | উত্তম চর্চার বিবরণ | অথরিটি ভবনের নিরাপত্তা জোরদারকরণে ভবনের প্রবেশমুখে আর্চওয়ে স্থাপন করা হয়েছে। |
| | ফলাফল | আর্চ ওয়ে স্থাপনের ফলে ভবনের নিরাপত্তা জোরদার সহ একটি উন্নত কর্মপরিবেশ এর সৃষ্টি হয়েছে। |
| | স্থির চিত্র |   |

| ক্রমিক নং | বাপশনিক এ অনুসৃত উত্তম চর্চা | |
|---|---|---|
| ১৫. | উত্তম চর্চার শিরোনাম | **মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ** |
| | উত্তম চর্চার বিবরণ | বাপশনিক এর অফিস প্রাঙ্গণ ও ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতপূর্বক মশার বংশ বিস্তার রোধ ও ডেঙ্গু প্রতিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এলক্ষ্যে বাপশনিক এ ফগার মেশিন ক্রয় করা হয়েছে এবং নিয়মিত ওষুধ স্প্রে এর মাধ্যমে অথরিটি ভবন মশকবিহীন করে উন্নত কর্মপরিবেশ তৈরীর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| | ফলাফল | নিয়মিত ওষুধ স্প্রে এর মাধ্যমে অথরিটি ভবন মশকবিহীন করে উন্নত কর্মপরিবেশ তৈরী করা সম্ভব হয়েছে। |
| | স্থির চিত্র |  |

১২/১০/২০২০

(প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক)

চেয়ারম্যান

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফোন নং: ৮৮-৮১৮১৯২২